



অবি লম্বে প্রকাশে র উদে শ্যে: 10/5/2021

গভর্নর ক্যাথি হোচুল

গভর্নর হোচুল OMH এবং OPWDD হাসপাতাল সেটিং এর কর্মীদের অন্তর্ভুক্ত করার জন্য টিকাকরণ বাধ্যবাধকতার সম্প্রসারণ করেছেন

OMH সাইকিয়াট্রিক হাসপাতাল এবং OPWDD এর সার্টিফাইড হাসপাতাল কর্মীদের 1 নভেম্বরের মধ্যে অন্তত এক ডোজ টিকা নিতে হবে

গভর্নর ক্যাথি হোচুল আজকে স্বাস্থ্যসেবা কর্মীদের টিকাকরণ বাধ্যবাধকতা সম্প্রসারণের পরিকল্পনা ঘোষণা করেছেন যারা অফিস অফ মেন্টাল হেলথ (Office of Mental Health, OMH) এবং অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজ্যাবিলিটিসের (Office for People with Developmental Disabilities, OPWDD) এর বিভিন্ন পরিষেবায় কাজ করে এবং জনগণকে স্বাস্থ্যসেবা প্রদান করে। নতুন নির্দেশনার অধীনে, যেসব কর্মীরা এমন সেটিং এর অধীনে কাজ করে যা নিউ ইয়র্কের সবচেয়ে অরক্ষিত জনগোষ্ঠীগুলিকে সেবা প্রদান করে, তাদের 1 নভেম্বরের মধ্যে অন্তত এক ডোজ কোভিড-19 টিকা নেওয়ার প্রমাণ দেখাতে হবে, টেস্ট করার মাধ্যমে এড়িয়ে যাওয়ার বিকল্প ছাড়াই। এই প্রয়োজনীয়তার প্রাক্কালে, 12 অক্টোবর থেকে শুরু করে এইসব সেটিং এর কর্মীদের সাপ্তাহিক ভিত্তিতে টেস্ট করাতে হবে, যদি তারা টিকা গ্রহণ না করে থাকেন।

"মানুষজনকে সঠিক কাজটি করানোর ক্ষেত্রে টিকাকরণের প্রয়োজনীয়তা নির্ধারণ কাজ করে, এবং স্বাস্থ্যসেবা সেটিং এ কাজ করা সকল পেশাদারদের অবশ্যই টিকাকরণ সহ কোভিড-19 এর বিরুদ্ধে সকল সাধারণ সচেতনতামূলক পদক্ষেপ নিতে হবে, যাতে তারা সেখানে চিকিৎসা নিতে আসা ব্যক্তিদের মাঝে ভাইরাসটি ছড়িয়ে না দেয়," **গভর্নর হোচুল বলেন।** "যাদের মানসিক স্বাস্থ্যসেবা এবং বিশেষ যত্নের প্রয়োজন তাদের এই নিশ্চয়তা প্রদানের দায়িত্ব আমাদের রয়েছে তাই আমরা স্টেটের এখতিয়ারে পড়া এই ধরনের সকল পরিষেবায় কর্মরত কর্মীদের জন্য টিকাকরণের বাধ্যবাধকতা নির্ধারণ করছি।"

27 সেপ্টেম্বরে কার্যকর টিকাকরণের বাধ্যবাধকতা কেবল ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health, DOH) এর কভারকৃত পরিষেবায় কর্মরত কর্মীদের জন্য প্রযোজ্য ছিল, যার মধ্যে হাসপাতাল এবং নার্সিং হোম অন্তর্ভুক্ত। 7 অক্টোবরে ডিপার্টমেন্ট অফ হেলথের কভারকৃত বাড়তি পরিষেবায় টিকাকরণের বাধ্যবাধকতা কার্যকর হবে, যার মধ্যে রয়েছে, বয়স্ক যত্ন পরিষেবা, হোম হেলথ এজেন্সি, দীর্ঘকালীন হোম হেলথ কেয়ার প্রোগ্রাম, এইডস হোম কেয়ার প্রোগ্রাম, হসপিটাল কেয়ার এবং ডায়াগনস্টিক এবং ট্রিটমেন্ট সেন্টার।

এই নতুন প্রয়োজনীয়তা, যা OMH এবং OPWD এর এজেন্সির নিয়মাবলীর মধ্যে প্রতিষ্ঠিত, OMH নেটওয়ার্কের সকল সাইকিয়াট্রিক হাসপাতালে কর্মরত সকল কর্মী, পাশাপাশি OPWDD এর সার্টিফাইড সকল বিশেষ হাসপাতাল সেবার কর্মীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

গভর্নর হোচুল সামনের সপ্তাহগুলিতে টিকাকরণের বাধ্যবাধকতা জন সেবা এবং মানসিক সুস্থাস্থ্য সেবা সেটিং এ সম্প্রসারণ করার পরিকল্পনা করছেন, পাশাপাশি ঐসব সেটিং এর কর্মী সরবরাহ উপযুক্ত স্তরে থাকা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছেন।

OMH এর কমিশনার অ্যান সালিভান বলেন, "OMH এর সেবাগ্রহণকারী অনেক মানুষের অন্তর্নিহিত মেডিক্যাল কন্ডিশন রয়েছে যা তাদের কোভিড-19 থেকে আরও বেশি অরক্ষিত করে তোলে। টিকা নিরাপদ এবং কার্যকর হিসাবে প্রমাণিত হয়েছে এবং আমাদের রোগী এবং কর্মীদের এবং পাশাপাশি আমাদের পরিবার এবং সম্প্রদায়কে রক্ষা করবে। আমি সবাইকে টিকা গ্রহণ করতে আহ্বান জানাচ্ছি এবং টিকাকরণের বাধ্যবাধকতা সম্প্রসারণ করায় আমি গভর্নর হোচুলকে সাধুবাদ জানাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)